[redacted]

[redacted]

[redacted]

[

ক্রীড়া সংস্থার সদস্য জহুরুল ইসলাম। খেলায় প্রধান রেফারির দায়িত্ব পালন করেন যশোর থেকে আগত সাইফুল ইসলাম, সহকারী রেফারি ছিলেন বসির আহাম্মেদ ও মেহেদী হাসান এবং ৪র্থ রেফারি ছিলেন মাসুদুর রহমান। খেলার ধারাভাষ্যকার ছিলেন শিক্ষক মুস্তাফিজুর রহমান ও শামীম খান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

টস জিতে ব্যাটিংয়ে বাংলাদেশ, তামিমের অভিষেক

এশিয়া কাপে নিজদের প্রথম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে টস জিতে ব্যাট করবে বাংলাদেশ। বৃহস্পতিবার (৩১ আগস্ট) ক্যান্ডির পাল্লেকেলে স্টেডিয়ামে টস জিতে শ্রীলঙ্কাকে বোলিংয়ে পাঠান অধিনায়ক সাকিব আল হাসান।

এই ম্যাচে অভিষেক হচ্ছে অনুর্ধ্ব-১৯ বিশ্বকাপজয়ী ক্রিকেটার তানজিদ হাসান তামিমের। নাইম শেখের সঙ্গে ইনিংস উদ্বোধন করবেন তিনি। একাদশে রয়েছেন তিন পেসার। তাসকিন আহমেদ, শরীফুল ইসলামের সঙ্গে রয়েছেন মোস্তাফিজুর রহমান।

জয় দিয়ে এশিয়া কাপ মিশন শুরু করতে চায় বাংলাদেশ। বুধবার (৩০ আগস্ট) ম্যাচ পূর্ব সংবাদ সম্মেলনে সাকিব বলেছিলেন, ‘চারটা জায়গাতে যদি আমরা ভালো খেলি, তাহলে আমাদের ভালোভাবে জেতার সম্ভাবনা বেশি থাকবে। আমরা সেটাই করার চেষ্টা করব, অলরাউন্ড ক্রিকেট খেলতে চাই। এমনটা না যে শুধু পেস বোলাররা আমাদের জিতিয়ে দেবে কিংবা শুধু ব্যাটাররা জিতিয়ে দেবে এটা নয়। আমরা চাই সবদিক থেকে ওদের চেয়ে ভালো খেলে জিতব।’

বাংলাদেশ একাদশ: সাকিব আল হাসান (অধিনায়ক), মোহাম্মদ নাইম, তানজিদ হাসান, নাজমুল হোসেন, তাওহিদ হৃদয়, মুশফিকুর রহিম, মেহেদী হাসান মিরাজ, মেহেদী হাসান, তাসকিন আহমেদ, শরীফুল ইসলাম ও

এশিয়া কাপের প্রথম ম্যাচের আগে ৩০ মিনিটের উদ্বোধনী অনুষ্ঠান

ভারত-পাকিস্তানের রাজনৈতিক দ্বন্দ্ব, খেলতে যাওয়া নিয়ে নানান নাটকীয়তা সবকিছুর সমাধানের পর আজ পর্দা উঠতে যাচ্ছে ‘হাইব্রিড মডেলের’ এশিয়া মহাদেশের ক্রিকেটের শ্রেষ্ঠত্বের আসর এশিয়া কাপের। এবারই প্রথমবারের মতো এই টুর্নামেন্টটি যৌথ আয়োজিত হবে। আয়োজক দেশ পাকিস্তান ও শ্রীলঙ্কা। যদিও এটি শুধু মাত্র পাকিস্তানেই হওয়ার কথা ছিল কিন্তু ভারতের আপত্তিতে শেষ দিকে আয়োজন হিসেবে যুক্ত করা হয় শ্রীলঙ্কাকে। তবে যৌথ আয়োজনে হলেও টুর্নামেন্টটির উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হবে মূল আয়োজকদের দেশেই অর্থাৎ পাকিস্তানে।

আজ বাংলাদেশ সময় বিকাল সাড়ে ৩টায় মুলতান ক্রিকেট স্টেডিয়ামে এবারের এশিয়া কাপের প্রথম ম্যাচে মুখোমুখি হবে স্বাগতিক পাকিস্তান ও প্রথমবার সুযোগ পাওয়া নেপাল। আর এ ম্যাচটি মাঠে গড়ানোর আগে স্টেডিয়ামে ৩০ মিনিটের জমকালো উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হবে। যা শুরু হবে ৩টায়। এ অনুষ্ঠানে পারফর্ম করবেন উপ-মহাদেশের বিখ্যাত সংগীতশিল্পী ও সুরকার এআর রহমান এবং পাকিস্তানের জনপ্রিয় গায়ক আতিফ আসলাম। জানা গেছে, এর সঙ্গে থাকবে এশিয়ার ঐতিহ্যবাহী সংগীত ও নৃত্য পরিবেশনা। এছাড়া এ অনুষ্ঠানের শেষ পর্যায়ে থাকবে আতশবাজির ঝলকানি।

আগামী অক্টোবর-নভেম্বরে অনুষ্ঠিত হতে যাচ্ছে আইসিসি ওয়ানডে বিশ্বকাপের ত্রয়োদশ আসর। সেই আসরে এশিয়া মহাদেশের দলগুলো যাতে ভালো করতে পারে তাই এবারের এশিয়া কাপও আয়োজিত হবে ওয়ানডে ফরম্যাটে। এর আগে ২০১৮ সালে ওয়ানডে ফরম্যাটে অনুষ্ঠিত হয়েছিল এশিয়া কাপ। যেখানে ফাইনাল খেলেছিল ভারত বাংলাদেশ এবং সেই ম্যাচে ভারত ৩ উইকেটে জিতেছিল। তবে সেবারই প্রথম নয় ২০১২ সালে ওয়ানডে ফরম্যাটে পাকিস্তানের কাছে ২ রানে এবং ২০১৬ সালে টি-টোয়েন্টি

ফরম্যাটে ভারতের কাছে ৮ উইকেটে হারার হৃদয়বিদারক স্মৃতি রয়েছে টাইগারদের। যাই হোক বিশ্বকাপের আগে এবারের এশিয়া কাপে টাইগারদের লক্ষ্য বড়।

এদিকে এবারের আসরটিতে দুই দেশ মিলিয়ে মোট ১৩টি ম্যাচ অনুষ্ঠিত হবে। এর মধ্যে পাকিস্তানে চারটি ও শ্রীলঙ্কায় হবে বাকি ৯ ম্যাচ। গ্রুপ পর্বে ছয়টি ম্যাচের মধ্যে তিনটি ও সুপার ফোরের একটি ম্যাচ আয়োজন করবে পাকিস্তান। পাকিস্তানের দুই ভেন্যু মুলতান ও লাহোর। শ্রীলঙ্কার দুই ভেন্যু ক্যান্ডি ও কলম্বোতে সবগুলো ম্যাচ অনুষ্ঠিত হবে। ১৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে ফাইনাল, কলম্বোতে।

মেহেরপুরে ফুটবল খেলাকে কেন্দ্র করে দু’পক্ষের সংঘর্ষে আহত ২

মেহেরপুরের রাধাকান্তপুর মধ্যপাড়ায় ফুটবল খেলা কে কেন্দ্র করে সৃষ্ট মনোমালিন্য থেকে উদ্ভূত সংঘর্ষে গুরুতর আহত হয়েছেন দুই জন।

গতকাল সোমবার (২৮ আগষ্ট) রাতে দুই পক্ষের সৃষ্ট সংঘর্ষে রাধাকান্তপুর মধ্যপাড়ার আব্দুল কাদের মিয়ার ছেলে রিপন মিয়া(৩৫) এবং মোঃ জাহর আলীর ছেলে মোঃ সাজু মিয়া (৩৬) গুরুতর আহত হয়। আহতদের উদ্ধার করে মপহেরপুর সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক রিপন মিয়াকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আহত অপর ব্যক্তি সাজু মেহেরপুর সদর হাসপাতালে চিকিৎসাধীন আছে।

এলাকাবাসী সুত্রে জানা গেছে, সংঘর্ষের আগের দিন ২৭ আগষ্ট সন্ধ্যা ৭টায় ফুটবল খেলাকে কেন্দ্র করে রাধাকান্তপুরের আব্দুস সালামের ছেলে মিলন ও মোঃ জাহর আলীর ছেলে সানির মধ্যে মনোমালিন্য হয়। এরই জের ধরে গতকাল সোমবার রাতে সংঘর্ষের সুত্রপাত হয়।

মেহেরপুর থানা পুলিশের একাধিক সূত্র ঘটনার সত্যতা নিশ্চিত করে জানিয়েছে এ ব্যাপারে থানায় কোন পক্ষ লিখিত অভিযোগ করেনি। লিখিত অভিযোগ প্রার্থী সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর ফুটবল অ্যাসোসিয়েশনের নির্বাচনের একক প্যানেলের মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের আসন্ন চতুর্থ বার্ষিকী নির্বাচনে মনোনয়নপত্রের জমাদানের শেষ দিনে শুধুমাত্র আব্দুস সামাদ বাবুল বিশ্বাস প্যানেলের ১৩ প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আজ সোমবার বিকাল ৪ টা পর্যন্ত একটামাত্র প্যানেল মনোনয়নপত্র উত্তোলন ও জমা দিয়েছেন।

সোমবার (২৮ আগস্ট) দুপুরে জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের চতুর্থ বার্ষিকী নির্বাচন পরিচালনা কমিটির কমিশনার দেলোয়ার রহমান রিগানের হাতে তাদের মনোনয়ন পত্র জমা দেন।

মনোনয়নপত্রে সভাপতি পদে আব্দুস সামাদ বাবুল বিশ্বাস, সহ-সভাপতি পদে আনোয়ারুল হক শাহী, অ্যাডভোকেট কাজী শহিদুল হক, কোষাধক্ষ্য ওমর ফারুক খান, নির্বাহী সদস্য মোঃ আতর আলী, আফতাব আলী খান, আব্দুল মালেক, সাইদুল ইসলাম, শাহ জামান, রওশন আলী, আল মামুন, সোহেল রানা সবুজ ও এ এইচ শাফিউল কবির।
এসময় কমিশনের শফিউল আলম সেখানে উপস্থিত ছিলেন।

প্রধান নির্বাচন কমিশনার মুহা: আব্দুল্লাহ আল আমিন বলেন, নির্বাচন উপলক্ষে ১৮/০৮/২৩ তারিখে খসড়া ভোটার তালিকা প্রকাশ, আপত্তি দাখিল ও নিস্পত্তি ২১/০৮/২৩, চুড়ান্ত ভোটার তালিকা

প্রকাশ ২৪/০৮/২৩, মনোনয়নপত্র বিতরণ ২৬/০৮/২৩, প্রার্থী কর্তৃত মনোনয়নপত্র জমা দান ২৮/০৮/২৩, মনোনয়নপত্র যাছাই, আপত্তি ও নিস্পত্তি ৩০/০৮/২৩, প্রার্থীতা প্রত্যাহার ০১/০৯/২৩, চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ০৩/০৯/৩৪ ও নির্বাচন আগামী ৫/০৯/২৩ ইং।

প্রথমবার ক্রিকেটে দেখানো হলো ‘লাল কার্ডর’

ফুটবলে খেলোয়াড়কে লাল কার্ড দেখানো খুবই স্বাভাবিক বিষয়। কিন্তু এবার লাল কার্ড দেখা গেলো ক্রিকেট মাঠে। আর ক্রিকেট ইতিহাসে প্রথম ক্রিকেটার হিসেবে লাল কার্ড দেখে মাঠ ছাড়লেন ক্যারিবিয়ান ক্রিকেটার সুনীল নারিন। ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের (সিপিএল) ম্যাচে লাল কার্ড দেখেন তিনি।

ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের এবারের আসরে স্লো ওভার রেটের চূড়ান্ত শাস্তি হিসাবে লাল কার্ড দেখানোর নিয়ম চালু হয়েছে। এই লাল কার্ডের প্রচলন করে ক্যারিবিয়ান ক্রিকেট বোর্ড। অবশেষে আম্পায়ার প্রথম লাল কার্ড ব্যবহার করলেন টুর্নামেন্টের ১২ নম্বর ম্যাচে এসে।

রবিবার (২৭ আগস্ট) সেন্ট কিটস অ্যান্ড নেভিস প্যাট্রিয়টসের বিরুদ্ধে ম্যাচে ত্রিনাবাগো নাইট রাইডার্স নির্ধারিত সময়ে ২০ ওভারের বোলিং কোটা পূর্ণ করতে পারেনি। ফলে স্লো ওভার-রেটের কারণে একজন ক্রিকেটারকে লাল কার্ড দেখিয়ে মাঠের বাইরে যেতে বলেন আম্পায়ার। মাঠের বাহিরে কে যাবে, সেটা দলের ক্যাপ্টেনকে ঠিক করতে হয়। পোলার্ড নারিনকে মাঠের বাইরে যেতে বলেন। অবশ্য নাইট রাইডার্সের জয়ের পথে কোনো বাধা হয়নি এই লাল কার্ড।

সূত্র: ইত্তেফাক

এমবাপ্পের জোড়া গোলে পিএসজির জয়

আগের মৌসুমে ফরাসি লিগের সর্বোচ্চ গোলদাতা হওয়ার পর বিশ্বকাপজয়ী তারকা ফরোয়ার্ড কিলিয়ান এমবাপ্পেকে ঘিরে দলবদল প্রসঙ্গে নাটকীয়তা শুরু করে প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি)। সব ছাপিয়ে শেষ পর্যন্ত আরও এক মৌসুম ক্লাবটিতে থাকার সিদ্ধান্ত নেন এমবাপ্পে।

এরপর আগের ম্যাচে তাকে বিরতির পর বদলি খেলোয়াড় হিসেবে নামান কোচ লুইস এনরিকে। ম্যাচটিও ১-১ সমতায় শেষ হয়। আগের ম্যাচের ভুলের পুনরাবৃত্তি করেননি এই কোচ। ফলে আবারও শুরু হয়েছে এমবাপ্পে ম্যাজিক, তার জোড়া গোলে পিএসজিও বড় জয় পেয়েছে। খবর ইউরো স্পোর্টের।

শনিবার (২৬ আগস্ট) ঘরের মাঠ পার্ক দ্য প্রিন্সেসে লেন্সকে আতিথ্য দিয়েছিল ফরাসি চ্যাম্পিয়নরা। ৩-১ ব্যবধানের জয়ে এমবাপ্পে ছাড়াও গোল পেয়েছেন রিয়াল মাদ্রিদ থেকে পিএসজিতে যোগ দেওয়া মার্কো অ্যাসেনসিও। চলতি মৌসুমে তিন খেলায় এটি প্যারিসের ক্লাবের প্রথম জয়।

তবে একদমই খারাপ খেলেনি সফরকারী লেন্স। যদিও তারা ঠিক জালের দেখা পাচ্ছিল না। অবশ্য এমবাপ্পেও দুটি সুযোগ নষ্ট করেছেন। প্রথমে গোলমুখের সামনে থেকে বল ফিরিয়ে দেন লাস ডিফেন্ডার কেভিন ডানসো, পরেরটি ঠেকান লেন্স গোলরক্ষক ব্রিস সাম্বা। সে কারণে জালের দেখা পেতে পিএসজিকে প্রথমার্ধের শেষ মুহূর্ত পর্যন্ত অপেক্ষা করতে হয়েছে। ওয়ারেন জায়ের-এমেরির পাস থেকে দারুণ এক শটে স্বাগতিকদের এগিয়ে দেন স্প্যানিশ ফরোয়ার্ড অ্যাসেন্সিও। ফলে ১-০ লিড নিয়ে এনরিকের দল বিরতিতে যায়।

দ্বিতীয়ার্ধে নেমে আরও আধিপত্য দেখায় পিএসজি। যার ধারাবাহিকতায় ৫২ মিনিটে লিড দ্বিগুণ করে নেয় তারা। লুকাস হারনান্দেজের সঙ্গে দারুণ ওয়ান-টু খেলে প্রায় ১০ গজ দূর থেকে বুলেট গতির এক শটে ব্যবধান বাড়ান এমবাপ্পে। পিএসজির হয়ে ফরাসি লিগ আঁ-তে এটি এমবাপ্পের ১৫০তম গোল। পরে অবশ্য তার পা থেকে আরও একটি গোল এসেছে। চেনা এমবাপ্পেকে পেয়ে হাসি ফুটেছে পিএসজি চেয়ারম্যান

নাসের আল খেলাইফির মুখে। গ্যালারির ভিআইপি বক্স থেকে ক্যামেরাবন্দী হন তিনি।

তখন লেন্সের হার অনেকটা নিশ্চিত ছিল। তবে যোগ করা সময়ের শুরুতেই আবারও এমবাপ্পের আঘাত। যা প্রতিপক্ষের সঙ্গে ব্যবধান আরও বাড়িয়ে তোলে। শেষ বাঁশি বাজার আগমুহূর্তে গোল পেয়েছে সফরকারীরাও। দলটির জন্য মরগান গুইলাভোগুই একটা সান্ত্বনার গোল এনে দেন। গত মৌসুমের রানার্স-আপ লেন্স এই মৌসুমে এখনো জয়হীন, দুটি হারের সঙ্গে একটি ড্র। তবে পিএসজি আগের দুটি ড্রয়ের পর এবার একটি জয় পেয়েছে।

সূত্র: ইত্তেফাক

আগে কী হয়েছে তা ভাবছি না, বর্তমান নিয়ে আছি: সাকিব

আগামী ৩০ আগস্ট পর্দা উঠবে এবারের এশিয়া কাপের। টুর্নামেন্টে অংশগ্রহণের জন্য রোববার (২৭ আগস্ট) শ্রীলঙ্কার উদ্দেশে দেশ ছাড়বে বাংলাদেশ দল। এর আগে আজ (শনিবার) সংবাদ সম্মেলনে আসেন বাংলাদেশ দলের অধিনায়ক সাকিব আল হাসান ও প্রধান কোচ চন্ডিকা হাথুরুসিংহে।

আগে কি হয়েছে তা নিয়ে না ভেবে বর্তমান নিয়ে চিন্তা করতে চান সাকিব। এশিয়া কাপে ম্যাচ বাই ম্যাচ নিয়ে চিন্তা করতে চান তিনি। সাকিব বলেন, ‘এশিয়া কাপ ও বিশ্বকাপে আমাদের লক্ষ্য ম্যাচ বাই ম্যাচ জয়। আমরা প্রতিটি ম্যাচ আলাদা আলাদা করে টার্গেট করবো। ওয়ান বাই ওয়ান জয়ের পরিকল্পনা।’

প্রস্তুতি ভালো হয়েছে জানিয়ে বাংলাদেশের অধিনায়ক আরও বলেন, ‘আমি যদিও ছিলাম না, কোচদের সঙ্গে কথা বলে জেনেছি, দলের প্রস্তুতি খুব ভালো হয়েছে। আমরা সবদিক থেকে প্রস্তুত আছি। এশিয়া কাপে আমরা আগে ভালো খেলেছি। এবারও ভালো খেলতে চাই। এজন্য আমাদেরকে আগে সুপার ফোরে কোয়ালিফাই করতে হবে। প্রথম দুটি ম্যাচ আমাদের জন্য

গুরুত্বপূর্ণ। আমরা ম্যাচ বাই ম্যাচ এগোতে চাই। সুযোগ থাকলে প্রতিটি ম্যাচ জেতার চেষ্টা করবো।’

সূত্র: ইত্তেফাক

মুজিবনগরে চার্চ অব বাংলাদেশ বল্লভপুর ডিনারীর আয়োজনে ফুটবল টুর্নামেন্ট

মুজিবনগরে যুব সমাজে শান্তি, আনন্দ, উৎসাহ ও প্রেরণা বৃদ্ধি এবং মাদকমুক্ত যুব সমাজ গড়ার লক্ষে চার্চ অব বাংলাদেশ বল্লভপুর ডিনারীর আয়োজনে দিনব্যাপী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে ডিনারীর অন্তর্গত প্যারিশ ও প্রতিষ্ঠানের সহযোগিতায় বিশপ কুষ্টিয়া ডায়োসিস রাইট রেভা:হেমেন হালদার এর সভাপতিত্বে, বল্লভপুর ডিনারীর ডিন রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিশপ মহোদয়ের সহধর্মিনী কুষ্টিয়া ডায়াসিসের উইমেন্স ফেলোশিপ এর কনভেনর জেসিকা সুপর্ণা হালদার,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, ডিনারী সম্পাদক রিপন সরকার রিন্টু, বল্লভপুর মিশন হাসপাতালের এডমিন বিনিময় বিশ্বাস,রেভা:উজ্বল বিশ্বাস,রেভা: কর্নেলিয়াস মন্ডল, রেভা: গণেশ মার্ডিসহ ডিনারী অন্তর্গত প্যারিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ।

দিন ব্যাপি এই ফুটবল টুর্নামেন্টে কার্পাসডাঙ্গা, সাধু পিতরের গির্জা রতনপুর, নিত্যানন্দপুর,ইম্মানুয়েল চার্চ বল্লভপুর প্যারিশ, যুগিন্দা এবং ডিনারী কমিটিসহ ৬ টি ফুটবল দল অংশগ্রহন করে।

লিগভিত্তিক এই খেলায় সাধু পিতরের গির্জা রতনপুর এবং

নিত্যানন্দপুর ফুটবল দল ফাইনালে উত্তীর্ণ হয়। ফাইনাল খেলায় নির্ধারিত সময়ে গোলশূন্য ড্র হলে ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। ট্রাইবেকারে নিত্যানন্দপুর ফুটবল দল সাধু-পিতরের গির্জা রতনপুর ফুটবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

ভারতে খেলতে আসবেন নেইমার

সম্প্রতি ইউরোপ ছেড়ে সৌদি আরবের ক্লাব আল হিলালে যোগ দিয়েছেন ব্রাজিলিয়ান তারকা নেইমার। সেই সুবাদে ভারতে খেলতে আসছেন এই ব্রাজিলিয়ান তারকা। এএফসি চ্যাম্পিয়ন্স লিগের ড্রতে ভারতের মুম্বাই সিটি এফসির গ্রুপে পড়েছে সৌদি ক্লাব আল হিলাল। বৃহস্পতিবার (২৪ আগস্ট) এএফসি’র সদর দপ্তর মালয়েশিয়ার কুয়ালালামপুরে টুর্নামেন্টের ড্র ও সূচি চূড়ান্ত হয়েছে।

গত আইএসএলের লিগ শিল্ড জেতার জন্য এবার সরাসরি এএফসি চ্যাম্পিয়ন্স লিগে খেলার সুযোগ পেয়েছে মুম্বাই। চ্যাম্পিয়ন্স লিগে গ্রুপ ডি-তে পড়েছে ভারতের ক্লাব মুম্বাই, সৌদির আল হিলাল, ইরানের ক্লাব নাসাজি মাসান্দারান এবং উজবেকিস্তানের ক্লাব নবখর।

পুনের বালেওয়াড়ি স্টেডিয়ামে মুম্বাই বনাম আল হিলাল ম্যাচটি অনুষ্ঠিত হওয়ার কথা আছে। স্টেডিয়ামে দর্শকের ধারণ ক্ষমতা ১১ হাজারের কিছু বেশি। তার জন্য খুব বেশি মানুষ নেইমারকে দেখার সুযোগ পাবেন না।

কিছুদিন আগেই সৌদি ক্লাব আল হিলালে নেইমার ছাড়াও যোগ দিয়েছেন কাতার বিশ্বকাপে নজরকাড়া মরক্কোর গোলরক্ষক ইয়াসিন বোনো।

সূত্র: ইত্তেফাক